

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ টেলিভিশন

চট্টগ্রাম কেন্দ্র

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়

তারিখ: ২৭/২৭ তারিখ ২৫/১১/২০

নং ১৫.৫৪.০০০০.০৪২.৪৩.২৯২.২২. ৩৪৪৩

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
২২ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

তারিখ : ২১.১১.২০২৩  
স্থান : সভাকক্ষ  
সময় : সকাল ১১.০০টা  
সভাপতি : নূর আনোয়ার হোসেন, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র  
সভায় উপস্থিতি : পরিশিষ্ট “ক” দৃষ্টব্য


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর বিভিন্ন কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয়                            | আলোচনা ও সিদ্ধান্ত  | বাস্তবায়নকারী কর্মকর্তা                                    |
|---------|----------------------------------|---|---|
| ০১.     | নৈতিকতা কমিটির সভা আয়োজন        | বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><u>সিদ্ধান্ত:</u> কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।   | সহকারী পরিচালক (প্রশাসন)                                    |
| ০২.     | প্রশিক্ষণ/Stakeholder সভা আয়োজন | ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী শুদ্ধাচার সংশ্লিষ্ট প্রশিক্ষণ ও ১.২ এ বর্ণিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><u>সিদ্ধান্ত:</u> জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি প্রান্তিকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের সমন্বয়ে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা ডিসেম্বর/২০২৩ মাসের ১ম সপ্তাহে আয়োজন করতে হবে।                      | কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার/<br>সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৩.     | কর্ম-পরিবেশ উন্নয়ন              | কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী অন্যান্য সহায়ক কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><u>সিদ্ধান্ত:</u> জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কর্মপরিবেশ উন্নয়নে পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখাসহ অন্যান্য সহায়ক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। এছাড়া পরবর্তী প্রান্তিকে সকল কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রের অভ্যন্তরে পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করতে হবে। | সংশ্লিষ্ট শাখা প্রধান                                       |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | বিষয়           | আলোচনা ও সিদ্ধান্ত   | বাস্তবায়নকারী কর্মকর্তা  |
|---------|-----------------|--|---|
| ০৪.     | ক্রয় সংক্রান্ত | বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের ২০২৩-২০২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ক্রয়ের বিষয়ে আলোচনা হয়। এছাড়া এ সংক্রান্ত প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।<br><b>সিদ্ধান্ত:</b> বার্ষিক ক্রয় পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভিন্ন ক্রয় কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করে সদর দপ্তরে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | অতিরিক্ত পরিচালক (অর্থ)/<br>কন্ট্রোলার/ইঞ্জিনিয়ারিং ম্যানেজার<br>(চ: দা:)/উর্ধ্বতন শিল্প নির্দেশক/<br>সহকারী পরিচালক (প্রশাসন) |

০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 নূর আনোয়ার হোসেন  
 জেনারেল ম্যানেজার (চ: দা:)  
 ফোন: ০২৩৩৩৩৭৯৩০০ (অফিস)

বিতরণ:

- ০১। নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।  
 ০২। উপস্থিত কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।  
 ০৩। কার্যালয় নথি।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা  
 ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়

|                  |                          |                            |
|------------------|--------------------------|----------------------------|
| সিস্টেম এনালিস্ট | <input type="checkbox"/> | প্রয়োজনীয় ব্যবস্থা নিম্ন |
| প্রোগ্রামার-১    | <input type="checkbox"/> | উপস্থাপন করুন              |
| প্রোগ্রামার-২    | <input type="checkbox"/> | কথা ফুটন                   |
| পিএ              | <input type="checkbox"/> | অপিস দিন                   |
|                  |                          | সিনিয়র এনালিস্ট           |

ASKED  
 ২৫/১১/২৩  
 স্বাক্ষর  
 ২৫/১১/২৩